আলমডাঙ্গায় মাদ্রাসায় ছাত্রকে বলাৎকার, শিক্ষক আটক

আলমডাঙ্গার পোয়ামারী মাদ্রাসা ছাত্র (১২)কে বলাৎকারের অভিযোগে আবু মুছা নামে এক মাদ্রাসা শিক্ষককে আটক করেছে পুলিশ।

গতকাল শনিবার সন্ধ্যা ৭ টার দিকে বেলগাছি ইউনিয়নের পোয়ামারী এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসায় এ ঘটনাটি ঘটে।

মাদ্রাসা ছাত্রের চিৎকারে এলাকাবাসী ছুটে এসে মাদ্রাসা ছাত্রকে উদ্ধার করে শিক্ষক আবু মুছাকে গণধোলায় দেয়।

স্থানীয় সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের পোয়ামারী গ্রামে অবস্থিত এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসা। ওই মাদ্রাসায় গত ৩ বছর পূর্বে বেলগাছি গ্রামের রথখোলা পাড়ার জামাল হোসেনের ছেলে আবু মুছা শিক্ষক হিসাবে চাকুরিতে যোগদান করে।

গতকাল শনিবার রাত ৮ টার দিকে এশার নামাজের পর ওই ছাত্রকে ফুঁসলিয়ে মাদ্রাসা একটি কক্ষে নিয়ে যায়। এ সময় জোরপূর্বক ওই ছাত্রকে বলাৎকার চেষ্টা চালালে মাদ্রাসা ছাত্র চিৎকার দিলে মাদ্রাসার ছাত্রসহ এলাকাবাসী ছুটে যায়।

এলাকাবাসী জানান, রাত প্রায় ৮ টার দিকে মাদ্রাসা থেকে ছাত্রদের চিৎকার শুনে সকলে দৌড়ে মাদ্রাসা প্রাঙ্গণে যায়। এসময় ওই মাদ্রাসায় সকল ছাত্ররা দলবদ্ধ ভাবে ছোটাছুটি করে। তাদের মাঝে একটি শিশু কান্না কন্ঠে তাকে বলাৎকারের ঘটনাটি জানায়। এসময় উৎসুক জনতা মাদ্রাসা শিক্ষককে গণধোলাই দেয়।

এছাড়াও, মাদ্রাসার অনেক ছাত্রের সাথে জোরপূর্বক অনৈতিক কাজ করে বলে অনেক ছাত্র অভিযোগ করে।

পরে, আলমডাঙ্গা থানা পুলিশকে খবর দিলে রাত ১০ টার দিকে মাদ্রাসা শিক্ষককে আটক করে পুলিশ। গতকাল সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরণ করা হয়েছে বলে জানাযায়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কার্পাসডাঙ্গায় নজরুল স্মৃতি সাহিত্য সংসদ অনলাইনের আয়োজনে জেলা প্রশাসনের সহযোগিতায় চার্চ অব বাংলাদেশ কার্পাসডাঙ্গা মিশন পল্লির মধ্য ও দক্ষিণ বাংলাদেশ শিশু উন্নয়ন প্রকল্পের হলরুমে গতকাল শনিবার সকালে নজরুল স্মৃতি সাহিত্য সংসদের ৩য় প্রতিষ্ঠা বার্ষিকী ও কবি মিলনমেলা অনুষ্ঠানের প্রথম পর্ব সকাল ৯ টার সময় অনুষ্ঠান শুরু করেন। প্রথম পর্বে কবির স্মৃতি ফলকে পুস্পমাল্য অর্পণ শেষে র্যালী বের করা হয়।

নজরুল স্মৃতি সাহিত্য সংসদ অনলাইনের প্রতিষ্ঠাতা সভাপতি লাভলু হোসেনের সভাপতিত্বে কবি শিমুল ভুঁইয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কবি ও চলচিত্র শিল্পী এবিএম সোহেল রশিদ।

এছাড়া দ্বিতীয় পর্ব বেলা ৩ টার সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে নজরুল স্মৃতি সংসদের সাধারণ সম্পাদক সাইফুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার।

বিশেষ অতিথী হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম। এছাড়া আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুল খালেক সহ আলোচক হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফ, বাংলাদেশ বেতার ও টেলিভিশনের গীতিকার শরীফ সাথী, ছড়াকার আহাদ আলী মোল্লা, মাহমুদুল হাসান, খলিলুর রহমান, রমজান আলী, জামিলুর রহমানসহ সাহিত্যক শিল্পী গণ্যমান্য ব্যক্তিবর্গ গণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে উপস্থিত অতিথি বৃন্দদের মাঝে কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সাহিত্য সংসদের পক্ষ থেকে ক্রেস্ট তুলে দেন।

দামুড়হুদায় ভুট্টা বোঝায়

[redacted]

[redacted]

[redacted]

[

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত সহকারী মেডিকেল অফিসার মাহাফুজ রহমান জানান, আহত অটো চালক জিনারুলের মাথায় দুইটি সেলাই দেওয়া হয়েছে। এছাড়াও তার চোখে ও কানে আঘাত লেগেছে। বর্তমানে হাসপাতালে ভর্তি রয়েছেন।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আঃ খালেক দুর্ঘটনা সত্যতা নিশ্চিত করে বলেন, ট্রাক ও চালককে আটক করা হয়েছে।

জীবননগর আলীপুর প্রগতিশীল যুব সংঘের বার্ষিক আলোচনা সভা অনুষ্ঠিত

জীবননগর আলীপুর প্রগতিশীল যুব সংঘের বার্ষিক আলোচনা সভা ও সাংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গত শুক্রবার সন্ধার সময় জীবননগর উপজেলার বাকা ইউনিয়নের আলীপুর প্রগতিশীল যুব সংঘের আয়োজনে আলীপুর গ্রামে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাই টিভির সিনিয়র রিপোর্টার এস কে লিটন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আবুল কাসেম মাস্টার, আঃ মান্নান, আক্কাচ আলী মন্ডল, মুকুল হোসেন প্রমুখ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রশাসনকে ম্যানেজ করেই চলছে ইট তৈরির প্রক্রিয়া।

এ ব্যাপারে পরিবেশ অধিদপ্তর ও স্থানীয় প্রশাসন নিরব থাকায় ভাটা মালিকরা কাঠ দিয়ে ইট পোড়ানোয় বেশি উৎসহ পাচ্ছে। ইতিমধ্যেই ফিট চুংগা আইন করে বাতিল করা হলেও আলমডাঙ্গায় আইনের তোয়াক্কা না করেই অবৈধ ইটভাটা মালিকরা তা ব্যবহার করছে।

প্রতিদিন ইট ভাটায় হাজার হাজার মণ কাঁচা গাছ ভাটায় পুড়িয়ে তৈরি করা হচ্ছে ইট। এরই কারণে, ভাটা অঞ্চলের পরিবেশ দুষিত হলেও রাজনৈতিক ক্ষমতার কারণে নিশ্চুপ ভুমিকায় এলাকাবাসী।

এ ভাটায় প্রতিদিন ১০/১৫ টি অবৈধ ট্রাক্টর ও স্ট্রেয়ারিং গাড়িতে মাটি টানায় রাস্তায় কাঁদা মাটি পড়ে সৃষ্টি হয়েছে তীব্র ধুলা। রাস্তায় কাঁদা মাটি পড়ায় সড়ক দুর্ঘটনার মত মৃত্যু মুখী হচ্ছে সাধারণ লোকজন।

এই ব্যাপারে মাদারহুদা, গোপালনগর, বারাদি ও বন্ডবিল এলাকার লোকজন জানান, এ ভাটার কারণে রাস্তায় বহনকৃত মাটি পড়ে তীব্র ধুলায় পরিণত হয়েছে। হালকা বৃষ্টি হলেই সৃষ্টি হয় ভয়াবহ কাঁদায়। এতে সড়কে যাতায়াত অযোগ্য হয়ে পড়ে।

তারা আরো বলেন, এ ভাটার কারণে রাস্তার পাশে ফসল উৎপাদনে ব্যাঘাত পোহাতে হচ্ছে। রাস্তার ধুলো গাছে পড়ায় বোঝাই যাই না এটা গাছ নাকি অন্য কিছু।

এ ঘটনায় কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তার সাথে কথা হলে তিনি বলেন, কোন ভাটায় গাছ পোড়ানোর বৈধতা নেই। যদি কোন ভাটায় গাছ পোড়ানো হয় তাহলে সে ভাটার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

কালীগঞ্জে ইউনিয়ন পরিষদের

চেয়ারম্যানের হাতে সাংবাদিক লাঞ্ছিত!

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার ৭নং রায়গ্রাম ইউনিয়নের স্মার্ট কার্ড বিতরণে বক্স ও কমপার্টমেন্ট নম্বর দিয়ে টাকা নেওয়ার ছবি তোলায় একাত্তর টেলিভিশনের কালীগঞ্জ প্রতিনিধি ও দৈনিক যশোরের স্টাফ রিপোর্টার মিশন আলীকে লাঞ্চিত করেছে চেয়ারম্যান আলী হোসেন অপু।
গতকাল শনিবার ৯টার দিকে রায়গ্রাম বাণীকান্ত মাধ্যমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে।

জানা গেছে, নাগরিকদের কাছ থেকে বক্স ও কমপার্টমেন্ট নম্বর দেওয়ার কথা বলে টাকা নেয় একদল যুবক। এ সময় রায়গ্রাম ইউনিয়নের চেয়ারম্যান আলী হোসেন অপু চানআলী নামে যুবককে ইউনিয়নের দফাদার দিয়ে মারধর করে।

এ সময় ছবি তোলায় একাত্তর টেলিভিশনের কালীগঞ্জ প্রতিনিধি ও দৈনিক যশোর পত্রিকার স্টাফ রিপোর্টার মিশন আলীর ক্যামেরা ছিনিয়ে নেয় ও লাঞ্চিত করে একটি কক্ষে আটক করে রাখে। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে সাংবাদিককে উদ্ধার করে।

সাংবাদিক মিশন আলী জানায়, উপজেলার ৭ নং রায়গ্রাম ইউনিয়নের চেয়ারম্যান আলী হোসেন অপুর লোকজন স্মার্ট কার্ড বিতরণের বক্স ও কমপার্টমেন্ট নম্বর দেওয়ার কথা বলে নাগরিকদের কাছ থেকে ১০ টাকা করে নেয় এমন খবর পেয়ে ঘটনাস্থলে যায়। এসময় চান আলী নামে এক যুবককে মারধর করে চেয়ারম্যানের নির্দেশে দফাদার দিয়ে যুবককে মারধর করে।

এ সময় আমি ছবি তুলি। তখন চেয়ারম্যান আলী হোসেন অপু ক্ষিপ্ত হয়ে আমাকে অকথ্য ভাষায় গালিগালাজ ও চেয়ারম্যান নিজে আমাকে একটি কক্ষে আটক করে। এ সময় চেয়ারম্যান আমার ক্যামেরা ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে।

পরে বিষয়টি আমি অন্য সাংবাদিকদের জানালে পুলিশ ঘটনাস্থলে এসে আমাকে উদ্ধার করে।

৭নং রায়গ্রাম ইউনিয়নের চেয়ারম্যান আলী হোসেন অপু জানান, একটু

ভুল বোঝাবুঝি হয়েছে। সাংবাদিককে আটক করার ৫ মিনিট পর ছেড়ে দেওয়া হয়েছিল।

কালীগঞ্জ থানার এস আই আবুল কাশেম জানান, ঘটনাস্থলে উপস্থিত হয়ে একটি কক্ষে সাংবাদিককে দেখতে পাই। পরে উভয়পক্ষের বক্তব্য শুনে সাংবাদিককে উদ্ধার করা হয়েছে।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, খবর শুনে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে সাংবাদিককে উদ্ধার করা হয়েছে।

কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সুবর্ণা রাণী সাহা জানান, বিষয়টি আমি শুনেছি। চেয়ারম্যান তাকে বলেছেন, আটকের ৫ মিনিট পর সাংবাদিককে ছেড়ে দিয়েছেন বলে জানিয়েছেন।

কুষ্টিয়ায় জমি সংক্রান্ত বিরোধের জের, ব্যবসায়ীকে কুপিয়ে হত্যা

কুষ্টিয়ার মিরপুরে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে সিদ্দিক আলী মন্ডল (৪৫) নামের এক সবজি ব্যবসায়ীকে হত্যা করেছে।

কয়েকজন প্রতিবেশীর বিরুদ্ধে এ হত্যার অভিযোগ ওঠে।

সোমবার সন্ধ্যায় মিরপুর উপজেলার চিথলিয়া ইউনিয়নের পাহাড়পুর-লক্ষিপুর প্রি-ক্যাডেট স্কুলের সন্নিকটে এ ঘটনা ঘটে।

নিহত সিদ্দিক আলী মন্ডল ওই এলাকার মৃত ফেরত আলী মন্ডলের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, বিকেলে বাড়ির জমি জমা সংক্রান্ত বিরোধে বাকবিতণ্ডা হয় প্রতিবেশী পাড়ারপুর লক্ষিপুর মাধ্যমিক বিদ্যালয় পাড়ার মৃত বিল্লাল হোসেনের ছেলে গফুর, সালাউদ্দিন, জলিল ও খলিলের সাথে। বাকবিতন্ডার এক পর্যায়ে তারা দেশীয় ধারালো অস্ত্র (রামদা) দিয়ে কুপিয়ে জখম করে সিদ্দিক আলী মন্ডলকে।

গুরুতর জখম অবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

মেহেরপুরে নতুন করে আজ আরও ৫ জন করোনায় আক্রান্ত

দীর্ঘদিন পর মেহেরপুরে বেড়েছে করোনায় প্রাদুরর্ভাব। বেশ কিছু দিনের বিরতির পর আবারও মেহেরপুর জেলায় দেখা দিয়েছে করোনা ভাইরাস। যার ফলে আজ মেহেরপুর শহরে নতুন করে আক্রান্ত হয়েছেন ৫ জন।

জানা গিয়েছে, সম্প্রতি করোনা ভাইরাস সন্দেহে ২৪ জনের নমুনা পাঠানো হয়েছিল এর মধ্যে ৫ জনের করোনা পজেটিভ আসে।

সোমবার রাতে সিভিল সার্জন সূত্রে জানাযায়, আক্রান্ত ৫ জনই সদর উপজেলার বাসিন্দা। এ নিয়ে জেলায় বর্তমানে মোট ৮ জন করোনায় আক্রান্ত হয়েছে।

এছাড়াও জেলায় এ পর্যন্ত সম্পূর্ণ সুস্থ হয়ে ৬৮৯ জন বাড়ি ফিরেছে। এবং মৃত্যুবরণ করেছেন ১৭ জন। নতুন করে করোনায় কোনও মৃত্যুর ঘটনা ঘটেনি।

ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় মেহেরপুর শহরের, বাসস্ট্যন্ড পাড়ার বিলকিস বেগম (৫৫), মনোয়ারা (৬০), মিশন স্কুল পাড়ার আশরাফ আলী (৫৮), মল্লিক পাড়ার শরিফ সানোয়ার (৪৪) ও সদর উপজেলার চাঁদ আলী (৩০)।

সবাই সামাজিক দূরত্ব মেনে, নিয়মিত সাবান- পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখা সহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলা ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন।